

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
পদ্ধতি ও পরিদর্শন উইং
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd

নং- ৮২.০০.০০০০.০৪৬.২২.০০১.২০

তারিখ: ১২/২০২০ খ্রিঃ

পরিপত্র

বিষয়: মূল আইনের পাশাপাশি সংশোধনী আইন রেফারেন্স হিসেবে ব্যবহার সংক্রান্ত নির্দেশনা।

লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর কার্যাবলী সম্পর্কিত প্রযোজ্য আইন উদ্ধৃত করার সময় মূল আইনের পাশাপাশি কোন কোন ক্ষেত্রে সংশোধনী (amendment) আইনকে সরাসরি রেফার করা হচ্ছে। এক্ষেত্রে উল্লেখ করা প্রয়োজন সংশোধনী আইন পৃথক এবং স্বয়ংসম্পূর্ণ কোন আইন নয়। সংশোধনী আইনের মাধ্যমে মূল আইনে সংশোধনী আনয়ন করা হয় এবং সংশোধনী আইনের বিষয়বস্তু মূল আইনের মধ্যে সন্নিবেশিত হয়। একই কারণে যখন কোন আইনকে নতুন কোন আইনের মাধ্যমে রহিত করা হয়, তখন শুধুমাত্র মূল আইনকেই রহিত করা হয়; সংশোধনী আইনসমূহকে আলাদাভাবে রহিত করার প্রয়োজন হয় না। উদাহরণস্বরূপ, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স আইন, ২০১৮ এর মাধ্যমে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স অর্ডার, ১৯৭২ কে রহিত করার ক্ষেত্রে মূল আইনে আনীত সংশোধনীসমূহকে [বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭৪ এবং বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স (অ্যামেন্ডমেন্ট) অর্ডিন্যান্স, ১৯৭৬] পৃথকভাবে রহিত করার প্রয়োজন হয়নি (উৎস: bdlaws.minlaw.gov.bd-48.html)। অর্থাৎ মূল আইন রহিত করার সাথে সাথে মূল আইনে আনীত সংশোধনী রহিত হয়ে গেছে।

২। ফলে মূল আইনের পাশাপাশি সংশোধনী আইন/আইনসমূহকে পৃথক আইন হিসেবে রেফার করা হলে প্রয়োজনীয় আইনের উৎসকে ভুলভাবে উপস্থাপন করা হয় যা বিভ্রান্তি সৃষ্টি করে।

৩। এমতাবস্থায়, বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর অতিরিক্ত কার্যাবলী সংক্রান্ত আইন উদ্ধৃত (refer) করার সময় মূল আইন দ্বারা কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর পাশাপাশি অথবা পৃথকভাবে সংশোধনী আইনকে [দ্বারা কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৭৫ এবং দ্বারা কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশন্স) (অ্যামেন্ডমেন্ট) অর্ডিন্যান্স, ১৯৮৩] উল্লেখ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে উক্ত সংশোধনী আইনসমূহের মাধ্যমে আনীত মূল আইনে কোন ধারার পরিবর্তন/বিয়োজন অথবা নতুন কোন ধারা সংযোজন বিষয়ে রেফারেন্স দেয়ার প্রয়োজনে সংশ্লিষ্ট সংশোধনী আইন উল্লেখ করা যেতে পারে।

স্বাঃ—

(বুলবুল সিংহ)

এডিশনাল ডেপুটি সিএজি (পদ্ধতি)

ফোন: ৪৮৩২২০৬৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। [নিজ দপ্তর ও অধীন দপ্তরে প্রচারের অনুরোধসহ।]
২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। [নিজ দপ্তর ও অধীন দপ্তরে প্রচারের অনুরোধসহ।]
৩. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা। [নিজ দপ্তর ও অধীন দপ্তরে প্রচারের অনুরোধসহ।]
৪. মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), এ/৭, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা-১২০৬।
৫. মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্টি ও প্রকল্প অডিট অধিদপ্তর/রাজস্ব অডিট অধিদপ্তর/শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর/গৃহায়ন ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর/আর্থিক ও উপযোজন হিসাব অডিট অধিদপ্তর/পরিবহন অডিট অধিদপ্তর/পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ অডিট অধিদপ্তর/প্রতিরক্ষা অডিট অধিদপ্তর/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অডিট অধিদপ্তর/শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট অধিদপ্তর/কৃষি এবং পরিবেশ অডিট অধিদপ্তর/পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর/জনপ্রশাসন ও সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর/সামাজিক নিরাপত্তা ও কল্যাণ অডিট অধিদপ্তর/বিদ্যুৎ, জ্বালানী ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।/মহাপরিচালক, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৩য় তলা)/মহাপরিচালক, আইটি অডিট অধিদপ্তর, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, (১০ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৬. এডিশনাল ডেপুটি সিএজি (প্রশাসন/পার্সোনেল/অডিট কোয়ালিটি এস্যুরেন্স সেল/পদ্ধতি/পার্লামেন্ট/এজিবিএম সেল/পরিচালক-এমআইএস/গবেষণা ও উন্নয়ন), সিএজি কার্যালয়, ঢাকা-১০০০।
৭. এসিএজি (রিপোর্ট/অডিট/পরীক্ষা ও পরিদর্শন/রি-অর্গান/আরআরইউ)/উপপরিচালক-১ ও ২ (এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা। [উপপরিচালক (এমআইএস)-কে ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।]
৮. পিএস টু সিএজি, সিএজি কার্যালয়, ঢাকা-১০০০।
৯. পিএ টু ডিসিএজি (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা-১০০০।
১০. পিএ টু ডিসিএজি (এএন্ডআর), সিএজি কার্যালয়, ঢাকা-১০০০।
১১. পিএ টু ডিসিএজি (পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা-১০০০।
১২. অফিস কপি/গার্ড ফাইল।


(বুলবুল সিংহ)

এডিশনাল ডেপুটি সিএজি (পদ্ধতি)

ফোন: ৪৮৩২২০৬৯